

আল-মুমিনুন | Al-Mu'minun | الْمُؤْمِنُونَ

আয়াতঃ ২৩ : ১০৪

আরবি মূল আয়াত:

تَلْفَحُ وُجُوهَهُمُ النَّارُ وَهُمْ فِيهَا كَالِحُونَ ﴿١٠٤﴾

অনুবাদসমূহ:

আগুন তাদের চেহারা দন্ধ করবে, সেখানে তারা হবে বীভৎস চেহারাবিশিষ্ট। — আল-বায়ান

আগুন তাদের মুখমণ্ডল দন্ধ করবে আর তারা বীভৎস চেহারা নিয়ে তার ভিতরে দাঁত কটমট করতে থাকবে। — তাইসিরুল

আগুন তাদের মুখমণ্ডল দন্ধ করবে এবং তারা সেখানে থাকবে বীভৎস চেহারায়। — মুজিবুর রহমান

The Fire will sear their faces, and they therein will have taut smiles. — Sahih International

১০৪. আগুন তাদের মুখমণ্ডল দন্ধ করবে এবং তারা সেখানে থাকবে বীভৎস চেহারায়(১);

(১) আয়াতে এসেছে তারা كَالِحٌ অবস্থায় থাকবে। যার অর্থ করা হয়েছে বীভৎস চেহারা। অবশ্য অভিধানে كَالِحٌ এমন ব্যক্তিকে বলা হয়, যার ওষ্ঠদ্বয় মুখের দাঁতকে আবৃত করে না। এক ওষ্ঠ উপরে উত্থিত এবং অপর ওষ্ঠ নীচে ঝুলে থাকে, ফলে দাঁত বের হয়ে থাকে। এটা খুব বীভৎস আকার হবে। জাহান্নামে জাহান্নামী ব্যক্তির ওষ্ঠদ্বয়ও তদ্রূপ হবে এবং দাঁত খোলা ও বেরিয়ে থাকবে। [দেখুন, কুরতুবী; ইবন কাসীর; ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(১০৪) আগুন তাদের মুখমণ্ডলকে দন্ধ করবে[১] এবং তারা সেখানে থাকবে বীভৎস চেহারায়।[২]

[১] মুখমণ্ডলের কথা এই জন্য উল্লেখ করা হয়েছে, কারণ মানব দেহে সবচেয়ে গুরুত্ব ও মর্যাদাপূর্ণ অঙ্গ হল মুখমণ্ডল। নচেৎ পুরো দেহটাই তো জাহান্নামের আগুনে পুড়তে থাকবে।

[২] শব্দের অর্থ হল, ঠোঁট জড়ো হয়ে দাঁত বেরিয়ে যাওয়া। ঠোঁট যেন দাঁতের পোশাক। যখন জাহান্নামের আগুনে ঠোঁট সংকুচিত ও জড়ো হয়ে যাবে, তখন দাঁতগুলি প্রকাশ পাবে এবং তার ফলে মানুষের চেহারা হবে বীভৎস ও ভয়ানক।

তাফসীরে আহসানুল বায়ান

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন